

বরুণা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ
জীববিজ্ঞান পরীক্ষা শিফটের
ক্ষে : খাতা-প্রশ্নপত্র জব্দ
পলাতক প্রভাষক

প্রতিনিধি খালকাঠি

বরুণা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ২০১৩ প্রথম বর্ষের
তিনপ্রানা নির্বাচনী জীববিজ্ঞান বিষয়ের পরীক্ষা খালকাঠি প্রভাষকের ব্যক্তিগত
ক্ষে গোপনে নেয়ার সময় হাতেদাতে ধরা পড়েছে। গত বৃহস্পতিবার সাত
পাড়ে ৮টায় গোপন স্বরের ভিত্তিতে ডায়ামাগ আদালতের ম্যাজিস্ট্রেট
নাজিমুল হায়দার পুলিশের সহায়তায় অভিযান চালিয়ে মেডিকেল কলেজের
৫টি পরীক্ষার খাতা, গাইড বই ৪টি ও প্রশ্নপত্র জব্দ করেন। সেখানে খালকাঠি
সেলা সজ্জ আদালতের একজন পেশকার, অপর এক পেশকারের স্ত্রী, একজন
উপ-সহকারী কৃষি কর্মকর্তাসহ মোট ৫ জন পরীক্ষার্থী এই পরীক্ষা দিচ্ছিলেন।
এলাকাবাসী জানায়, অভিযানের আগেই টের পেয়ে প্রভাষক ডা. মোসাদ্দেক
হোসেন খান ঘটনাস্থল থেকে সরে যাওয়ায় তাকে সন্ধান করতে পারেনি
পুলিশ। তবে ম্যাজিস্ট্রেট পরীক্ষার্থীদের মুচলেকা দিয়ে ছেড়ে দেন। এ ঘটনায়
খালকাঠি পানার ওসি আবদুল মান্নান জানান, বরুণা হোমিওপ্যাথিক
কলেজের ভর্তি পরীক্ষা খালকাঠিতে নেয়ার প্রভাষক ও হোমিওপ্যাথিক
চিকিৎসক মোসাদ্দেক হোসেন খানকে আসামি করে পাবলিক পরীক্ষা আইনের
১০ ধারা ও ৪২০ ধারায় মামলা করা হয়েছে। এ ব্যাপারে প্রভাষক ডা.
মোসাদ্দেক হোসেন খান বলেন, তিনি বরুণা কলেজের প্রভাষক। তার কাছে
কলেজের খাতা থাকতেই পারে। সেই খাতায় ছাত্ররা লিখলে অপরাধ কি। এ
বিষয়ে কলেজের অধ্যক্ষ ডা. আবুল কালাম বলেন, কলেজের পরীক্ষার খাতায়
প্রভাষক মোসাদ্দেক হোসেনের প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা নেয়াটা ঠিক হয়নি।